

শাহজাদপুর সরকারি কলেজ বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব:

আধুনিক যুগ বিজ্ঞানের যুগ। বিজ্ঞান ও প্রযুক্তির সফল ব্যবহারের ফলে পৃথিবীতে বিভিন্ন দেশ আজ সাফল্যের পূর্ণ শিখর ছুঁয়েছে। বর্তমানে দেশ ও জাতির উন্নয়ন করতে হলে বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নের বিকল্প নেই। সে লক্ষ্যকে সামনে রেখে মানুষের সেবায় বিজ্ঞানকে কাজে লাগাতে ও তরুণ প্রজন্মকে বিজ্ঞান মনস্ক করে গড়ে তোলার উদ্দেশ্যে শাহজাদপুর সরকারি কলেজে বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব গঠন করা হয়েছে। যাতে করে এ প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে বিজ্ঞান শিক্ষায় অধিকতর আগ্রহ সৃষ্টি হয়, বিজ্ঞান ভীতি দূর করা সহ নিত্য নতুন বিজ্ঞান ভিত্তিক সৃজনশীল শিল্পকর্ম তৈরিতে উৎসাহিত হয়। এ ছাড়া শিক্ষার্থীরা বিজ্ঞান ভিত্তিক বিভিন্ন প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে সাফল্যের সাক্ষর রাখতে পারে। আমাদের তরুণ শিক্ষার্থীরা বিজ্ঞান বিষয়ক সৃজনশীল কাজে দেশে ও বিদেশে বিশেষভাবে অবদান রাখতে পারবে ও জাতীয় পর্যায়ে বিভিন্ন প্রতিযোগিতায় গৌরবময় সফলতা লাভ করবে, এটিই এ ক্লাব প্রতিষ্ঠার লক্ষ্য।

আমাদের লক্ষ্য:

- ১। দৈনন্দিক জীবনে বিজ্ঞানের গুরুত্বকে উপলব্ধি করা।
- ২। তরুণ শিক্ষার্থীদের বিজ্ঞান মনস্ক করা।
- ৩। সহজ প্রযুক্তি ব্যবহার করে বৈজ্ঞানিক উপকরণ তৈরির মাধ্যমে জীবন যাত্রাকে উন্নত করা।
- ৪। তাত্ত্বিক বিষয়গুলোকে বাস্তবক্ষেত্রে ব্যবহার করে নতুন চিন্তা ধারা তৈরিতে সহায়তা করা।
- ৫। বিজ্ঞান শিক্ষার আন্দোলনকে ত্বরান্বিত করা।

বার্ষিক কর্মসূচি:

- ১। বিভিন্ন বিজ্ঞান বিষয়ক প্রজেক্ট তৈরি করা ও বিভিন্ন বিজ্ঞান মেলায় নিজেদের প্রজেক্টসহ অংশগ্রহণের ব্যবস্থা করা।
- ২। কলেজের বিভিন্ন গ্রুপের মধ্যে অলিম্পিয়াডের আয়োজন করে যোগ্য শিক্ষার্থীদের বিভিন্ন অলিম্পিয়াডে অংশ গ্রহণের ব্যবস্থা করা।
- ৩। বিভিন্ন দিবসে বিজ্ঞান বিষয়ক দেয়ালিকা প্রকাশ করা।
- ৪। শিক্ষা সফরের মাধ্যমে জ্ঞান অর্জন করা।
- ৫। নিজ কলেজের শিক্ষার্থীদের মধ্যে বন্ধুত্বের সুসম্পর্ক বৃদ্ধির লক্ষ্যে সাধারণ জ্ঞানসহ বিজ্ঞান বিষয়ক বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা।
- ৬। বৃক্ষরোপন, স্বেচ্ছায় রক্ত দান, রক্তের গ্রুপ নির্ণয়, বিভিন্ন সচেতনামূলক পোস্টার প্রকাশ, সেমিনারের আয়োজন করা।
- ৭। সাংগঠনিক কর্মকাণ্ডে ছাত্রদের সুদক্ষ করে গড়ে তোলা।
- ৮। ভর্তির প্রক্রিয়া: নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে ভর্তির ব্যবস্থা করা।

শাহজাদপুর সরকারি কলেজের বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব পরিচালনা কমিটি:

- ১। সভাপতি: প্রফেসর ড. মোঃ আবদুস ছাত্তার, অধ্যক্ষ।
- ২। আহবায়ক: মোঃ আব্দুর রাজ্জাক, সহযোগী অধ্যাপক, গণিত।
- ৩। সদস্য: মোঃ ফোরহাদ হোসেন, সহযোগী অধ্যাপক, পদার্থবিজ্ঞান।
- ৪। সদস্য: ড. মোঃ রফিকুল ইসলাম, সহযোগী অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান।
- ৫। সদস্য: মোঃ হাবিবুর রহমান, সহযোগী অধ্যাপক, প্রাণিবিজ্ঞান।
- ৬। সদস্য: মোঃ রয়হান আলী সরকার, সহকারী অধ্যাপক, রসায়ন।